**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০
www.bb.org.bd

মাঘ ২৩, ১৪২৪
এফই সার্কুলারপত্র নং-০২ তারিখঃ -------------------
ফেব্রুয়ারি ০৫, ২০১৮

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল
অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

**হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

এফই সার্কুলার নং ২৩, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এর মাধ্যমে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের বিষয়ে সরকারী সিদ্ধান্ত ঘোষণা করা হয়। পরবর্তীতে জারীকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(কম)২৯১ (হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৫৯১ তারিখ মে ১৮, ২০০৩ এবং এফইপিডি(কম)২৯১(হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৬৬১ তারিখ জুন ০৩, ২০০৩ এর মাধ্যমে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে আইকিউএফ রিটেইল প্যাকের সংজ্ঞা, প্যাকেটের সর্বোচ্চ ওজন, ইউনিট প্রতি (পাউন্ড) এফওবি মূল্যের সিলিং, প্রভৃতি বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

আলোচ্য ক্ষেত্রে হিমায়ন প্রক্রিয়ার মাধ্যমে প্রস্তুতকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রযোজ্য। এ বিষয়ে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, হিমায়ন প্রক্রিয়ার অংশ হিসেবে বরফ আচ্ছাদন (Protective Glaze) এবং ব্যবহৃত আনুষঙ্গিক আবশ্যিক উপাদান হিমায়িত মাছের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে।

উপরোক্ত বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৪২